গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পরিবেশ অধিদপ্তর**
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০১২.৫৪.০০২.১৭ ৫৮

তারিখ: ৬/১১/১৪২৩
১৫/০২/২০১৭

বিষয় ঃ বিশ্ব পরিবেশ দিবস ২০১৭ উদ্‌যাপন উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকার লেখা আহবান।

জাতিসংঘ সাধারণ পরিষদের ২৭তম অধিবেশনে বিশ্বের জনসাধারণকে পরিবেশ দূষণ ও এর ব্যবস্থাপনা সম্পর্কে সচেতন করার উদ্দেশ্যে প্রতি বছর ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখিত সিদ্ধান্ত অনুসারে বিশ্বের অন্যান্য দেশের সাথে বাংলাদেশেও যথাযোগ্য মর্যাদায় ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়ে আসছে।

২। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে পরিবেশবিদ, লেখক, গবেষক এবং বরেণ্য ব্যক্তিগণের লেখাসমৃদ্ধ একটি স্মরণিকা প্রকাশ করা হবে। পরিবেশ অবক্ষয়, মাটি দূষণ, ইটিপি প্রযুক্তি, পাহাড় কর্তন, গ্রীন ইকোনমী, জীববৈচিত্র্য, জলবায়ু পরিবর্তন, বর্জ্য ব্যবস্থাপনা, শব্দদূষণ, কার্বন ট্রেডিং, ইটভাটা প্রযুক্তি, সাসটেইনেবল ট্রান্সপোর্টেশন, রিলোকেশন অব ইন্ডাস্ট্রিজ, আরবান প্লানিং ইত্যাদি পরিবেশ বিষয়ে লেখা প্রেরণ করা যাবে।

৩। লেখাসমূহ আগামী ২৩ মার্চ ২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জনাব ফরিদ আহমেদ, পরিচালক, বা জনাব সমর কৃষ্ণ দাস, সহকারি পরিচালক (প্রচার), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ অথবা ই-মেইলঃ **farid@doe.gov.bd** অথবা **skdasdoe@gmail.com** বরাবর (সফট্‌কপি- SutonnyMJ ফন্ট, প্রযোজ্য ক্ষেত্রে/সর্বোচ্চ ১৮০০ শব্দ) প্রেরণ করা যাবে।

৪। জাতিসংঘ পরিবেশ কর্মসূচি (ইউনেপ) এবছর বিশ্ব পরিবেশ দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করেছে- **"Connecting People to Nature"**। প্রতিপাদ্যটির বাংলা ভাবানুবাদ যথাসময়ে পরিবেশ অধিদপ্তরের ওয়েব ঠিকানায় (www.doe.gov.bd) পাওয়া যাবে।

৫। এ প্রেক্ষিতে, তাঁর প্রতিষ্ঠান/সংস্থার আগ্রহী কর্মকর্তাগণের প্রবন্ধ/কবিতা ইত্যাদি প্রেরণের নিমিত্ত আহবান জানানোর জন্য বিনীত অনুরোধ জানানো হলো।

(মোঃ রইছউল আলম মন্ডল)
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর
ফোনঃ ৮১৮১৮০০

চেয়ারম্যান
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ওয়াপদা ভবন (২য় তলা)
মতিঝিল, ঢাকা।

ডায়েরী নং ২৪৮৩ তারিখঃ ২/২/১৭
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
সিস্টেম এনালিষ্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো, ঢাকা।
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

M-13
chief Monitoring
৪৮৩
২৭/০২/১৭